বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়
BANGLADESH OPEN UNIVERSITY
আঞ্চলিক কেন্দ্র, রংপুর

"শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ"

"বাউবি'র দীক্ষা: সবার জন্য উন্মুক্ত
কর্মমুখী, গণমুখী ও জীবনব্যাপী শিক্ষা"

মুজিব শতবর্ষ MUJIB 100

স্মারকঃ বাউবি/ররিসে/১৩২১(৫২) তারিখঃ ০৭/১২/২০২৩

পত্র প্রাপ্তি/ডকেট নং.
ইউ এন ও অফিস নবাবগঞ্জ
তারিখঃ ১৩/১২/২০২৩

উপজেলা নির্বাহী কর্মকর্তা
উপজেলা নির্বাহী কর্মকর্তার কার্যালয়
নবাবগঞ্জ, দিনাজপুর ।

**বিষয় ঃ বাউবির পিজিডিএম ও সিআইএম প্রোগ্রামের ভর্তি বিজ্ঞপ্তি আপনার দপ্তরের ওয়েবসাইটে প্রকাশ প্রসংগে।**

মহোদয়,
উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় শিক্ষা কার্যক্রমকে কর্মমুখী ও গণমুখী করার লক্ষ্যে নিরলসভাবে কাজ করে যাচ্ছে। পেশাগত দক্ষতার উন্নয়ন এবং প্রতিষ্ঠান ব্যবস্থাপনার উপর দক্ষ জনশক্তি তৈরির লক্ষ্যে বাউবির রংপুর আঞ্চলিক কেন্দ্রের আওতাধীন **'বেগম রোকেয়া বিশ্বদ্যিালয়,রংপুর'** স্টাডি সেন্টারে পোস্ট গ্রাজুয়েট ডিপ্লোমা ইন ম্যানেজমেন্ট (পিজিডিএম) এবং সার্টিফিকেট ইন ম্যানেজমেন্ট (সিআইএম) প্রোগ্রামে ভর্তি চলছে।

এমতাবস্থায়, আপনার কর্ম এলাকার মানব সম্পদ উন্নয়নের জন্য পিজিডিএম ও সিআইএম প্রোগ্রামের ভর্তি বিজ্ঞপ্তি এদতসংগে প্রেরণ করা হলো। ভর্তি বিজ্ঞপ্তিটি আপনার দপ্তরের ওয়েবসাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ করা হলো।

বাউবির শিক্ষাকার্যক্রম সম্প্রসারণে আপনার সহযোগিতার জন্য আন্তরিক ধন্যবাদ।

০৭/১২/২০২৩
(মোঃ মোকছেদার রহমান)
আঞ্চলিক পরিচালক
ফোনঃ ০১৭১৬-৬৯৫৯১৮

সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি ঃ

১. রেজিস্ট্রার, বাউবি।
২. পরিচালক, এসএসএস বিভাগ, বাউবি।
৩. সংরক্ষণ নথি।

G:\My Drive\Letter\PGDM\Promotional.doc



"শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ"

বাউবির দীক্ষা: সবার জন্য উন্মুক্ত কর্মমুখী, গণমুখী ও জীবনব্যাপী শিক্ষা

# ভর্তি বিজ্ঞপ্তি

## স্কুল অব বিজনেস

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়
BANGLADESH OPEN UNIVERSITY

## পোস্ট গ্র্যাজুয়েট ডিপ্লোমা-ইন-ম্যানেজমেন্ট (PGDM)
## ও
## সার্টিফিকেট-ইন-ম্যানেজমেন্ট (CIM) প্রোগ্রাম

### ২২১ সিমেস্টার (১ম লেভেল)

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় (বাউবি) এর স্কুল অব বিজনেস পরিচালিত পোস্ট গ্র্যাজুয়েট ডিপ্লোমা-ইন-ম্যানেজমেন্ট (PGDM) এবং সার্টিফিকেট ইন-ম্যানেজমেন্ট (CIM) প্রোগ্রামের ২২১ সিমেস্টার (১ম লেভেল)-এ সীমিত সংখ্যক আসনে সরাসরি ভর্তির জন্য নির্ধারিত ফরমে আবেদনপত্র আহ্বান করা যাচ্ছে। আগামী ১৫ নভেম্বর, ২০২৩ থেকে ০৮ জানুয়ারি ২০২৪ তারিখ পর্যন্ত বিশ্ববিদ্যালয়ের নিম্নলিখিত আঞ্চলিক কেন্দ্র (আর.সি.) এর মাধ্যমে আবেদনপত্র/ভর্তি ফরম শনি ও রবিবার ব্যতীত সপ্তাহের অন্যান্য দিন অফিস চলাকালীন সময়ে সরবরাহ করা ও জমা নেয়া হবে। সংশ্লিষ্ট আঞ্চলিক অফিস থেকে ব্যাংকে টাকা জমা দেয়ার রশিদ সংগ্রহ করে আঞ্চলিক কেন্দ্রের নির্ধারিত ব্যাংকে ১০০/- (একশত) টাকা জমা দিয়ে আঞ্চলিক অফিস থেকে শিক্ষার্থী নির্দেশিকা ও ভর্তি ফরম সংগ্রহ ও জমা দেয়া যাবে।

অথবা

Online এ আবেদন করতে ইচ্ছুক শিক্ষার্থীগণ পাশের QR Code Scan করে Online এ আবেদনটি সম্পন্ন করতে পারবেন।
অথবা https://t.ly/TAPKQ এই Link-এ ক্লিক/প্রবেশ করে আবেদন করা যাবে।
সেক্ষেত্রে জনতা ব্যাংকের যে কোন শাখা হতে হিসাব নং ০১০০০০৮৬৮০০৪৮ (অনলাইন) এ ১০০/- (একশত) টাকা জমা দিয়ে রশিদের নম্বর Online Form এ উল্লেখ করতে হবে এবং রশিদের কপি নিজের কাছে পরবর্তী প্রয়োজনে জমা রাখতে হবে।

### বাউবির রংপুর আঞ্চলিক কেন্দ্রের ঠিকানাঃ

আর.কে রোড (কেন্দ্রীয় বাস টার্মিনাল সংলগ্ন), রংপুর
ফোনঃ ০৫২১-৬৩৫৯৩ মোবাইলঃ ০১৫১৬-১৭৩০৫২ (শুধুমাত্র হোয়াটস্‌আপ এসএমএস-এর জন্য)

**স্টাডি সেন্টারঃ বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়, রংপুর (ম্যানেজমেন্ট স্টাডিজ বিভাগ)**

**টিউটোরিয়াল ক্লাশ ও পরীক্ষাঃ শুক্রবার**

### আবেদন করার যোগ্যতা

- সার্টিফিকেট-ইন-ম্যানেজমেন্ট (CIM)প্রোগ্রাম এর জন্য: উচ্চ মাধ্যমিক বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।
- পোস্ট গ্র্যাজুয়েট-ডিপ্লোমা-ইন-ম্যানেজমেন্ট (PGDM): বিএ/বি.এস.এস/বি.এস.সি/বি.কম বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ (সমমান বলতে এম.বি.বি.এস/বি.এড/বি.এস.সি ইঞ্জিনিয়ারিং /সি.এ/সি.এম.এ ডিগ্রীধারী হতে হবে) এবং ন্যূনতম ০৯ (নয়) পয়েন্ট অর্জনকারী প্রার্থী দরখাস্ত করতে পারবেন। উল্লেখ্য যে, শুধুমাত্র কমার্স গ্র্যাজুয়েট প্রার্থীরা আগামী 222 সিমেস্টারে সরাসরি ২য় লেভেলের কোর্সে ভর্তির জন্য আবেদন করতে পারবেন।

**পয়েন্ট বন্টন পদ্ধতি নিম্নরূপ ঃ**

| পরীক্ষার নাম | বিভাগ/শ্রেণীভিত্তিক মান বন্টন | | | গ্রেড পদ্ধতিতে মান বন্টন | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | (৫.০০ স্কেলে) | | | (৪.০০ স্কেলে) | | | |
| | ১ম বিভাগ/শ্রেণী | ২য় বিভাগ/শ্রেণী | ৩য় বিভাগ/শ্রেণী | ৪.৫০–৫.০০ | ৩.৫০–৪.৪৯ | ৩.৫০–এর নিচে | ৩.৭৫–৪.০০ | ৩.২৫–৩.৭৪ | ২.৭৫ –৩.২৪ | ২.৭৫ এর নিচে |
| এসএসসি | ৫ | ৩ | ১ | ৫ | ৩ | ১ | | | | |
| এইচএসসি | ৫ | ৩ | ১ | ৫ | ৩ | ১ | | | | |
| স্নাতক (সম্মান) | ৭ | ৫ | ২ | | | | ৭ | ৬ | ৫ | ৩ |
| স্নাতক (পাস) | ৬ | ৪ | ১ | | | | | | | |
| এমবিবিএস/বিডিএস/বিএসসি (ইঞ্জিনিয়ারিং) | | ৭ | | — | — | — | ৭ | ৫ | | ২ |

For more details about School of Business please scan QR Code

- বয়সের জন্য পয়েন্ট ঃ আবেদনকারীর বয়স-এর ১০% যোগ হবে।
- স্নাতকোত্তর প্রতিটি ডিগ্রীর জন্য অতিরিক্ত ১(এক) পয়েন্ট যোগ হবে।

- ভর্তি ফরম সংগ্রহ ও জমার তারিখ ঃ নভেম্বর ১৫, ২০২৩ থেকে জানুয়ারি ৮, ২০২৪
- মনোনীত প্রার্থীদের তালিকা প্রকাশ ঃ জানুয়ারি ১৫, ২০২৪
- মনোনীত প্রার্থীদের তালিকা হতে ভর্তির তারিখ ঃ জানুয়ারি ১৬, ২০২৪ থেকে জানুয়ারি ২৯, ২০২৪
- সম্ভাব্য টিউটোরিয়াল ক্লাস শুরুর তারিখ ঃ ফেব্রুয়ারি ০২, ২০২৪

(অধ্যাপক ড. মোঃ মঈনুল ইসলাম)
ডীন, স্কুল অব বিজনেস
বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়, গাজীপুর-১৭০৫

**MBA Program** এ ভর্তির সুযোগঃ PGDM প্রোগ্রামটি ন্যূনতম ২.৭৫ সিজিপিএ সহ সম্পন্ন করতে পারলে সরাসরি বাউবি পরিচালিত এমবিএ প্রোগ্রামের ২য় সিমেস্টারে ভর্তি এবং সিজিপিএ ২.৫০ থেকে ২.৭৪ সহ সম্পন্ন করতে পারলে এমবিএ প্রোগ্রামের ১ম সিমেস্টারে সরাসরি ভর্তির সুযোগ দেয়া হবে। এছাড়া ২.০০ থেকে ২.৪৯ সিজিপিএ সহ এ প্রোগ্রামটি সম্পন্ন করতে পারলে এমবিএ প্রোগ্রামে ভর্তির জন্য অতিরিক্ত ২ পয়েন্ট নিয়ে ভর্তি প্রতিযোগিতায় অংশগ্রহণ করতে পারবেন।

বিঃ দ্রঃ ডাকযোগে ভর্তি সংক্রান্ত কোন তথ্য প্রেরণ করা হবে না। মনোনীত শিক্ষার্থীকে ব্যক্তিগতভাবে উপস্থিত হয়ে ভর্তি হতে হবে।

যোগাযোগঃ ডীন অফিস, স্কুল অব বিজনেস- ০২৯৯৬৬৯১১০৬
E-mail: coordinator.pgdm@gmail.com www.bou.ac.bd

এছাড়া, বাউবির এমবিএ (বাংলা মাধ্যম), এমএসআরএল, বিএজিএড প্রোগ্রামে ভর্তির আবেদন গ্রহণ চলছে।